

উপজেলা শিক্ষা অফিস পুঠিয়া, রাজশাহী	
ডকেট নং- ৬৪	তারিখ- ২৩/৩/২০
এ.ইউ.ই.ও (সকল)	অতি জরুরী
এ.ইউ.ই.ও (সংশ্লিষ্ট ক্লাসটির)	জরুরী
উচ্চমান সহকারী	পেশ কমন
ক্রিসান সহকারী	স্বাক্ষর করুন
সফিস সহকারী	অন্যান্য
উপজেলা শিক্ষা অফিসার পুঠিয়া, রাজশাহী	



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪০.৯৯.০১৮.২০১৯- ৭১৫

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬
১১ মার্চ ২০২০

বিষয়: করোনা ভাইরাস রোগ প্রতিরোধে করণীয়।

উর্নযুক্ত বিষয়ে দুটি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার ইতোমধ্যে ভাইরাস সংক্রমণরোধ ও এ রোগে আক্রান্ত রোগীদের চিকিৎসার্থে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সচেতনতা ও সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরারীণ সকল কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষিকাসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা ও পরামর্শ অনুসরণের জন্য অনুরোধ করা হলো। বিশেষ করে বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকগণকে শিক্ষার্থীদের মধ্যে প্রদত্ত নির্দেশনা ও পরামর্শ পাঠ করে শোনানোসহ এ ভাইরাস সংক্রান্ত পরিস্থিতি পর্যবেক্ষণ এবং প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

❖ করোনা ভাইরাস যেভাবে ছড়ায়:

- এ ভাইরাস কোন প্রাণী থেকে মানুষের দেহে ঢুকে থাকে;
- এখন মানুষ থেকে মানুষে সংক্রমণিত হয়;
- করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায়;
- শ্বাসতন্ত্রের মাধ্যমে (হাঁচি/কাশি/কফ/খুঁথু) এবং
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসলে একজন থেকে আরেকজনের মধ্যে ছড়ায়।

❖ লক্ষণসমূহ:

- ভাইরাস শরীরে ঢোকান পর সংক্রমণের লক্ষণ দেখা দিতে প্রায় ২-১৪ দিন লাগে;
- বেশির ভাগ ক্ষেত্রে প্রথম লক্ষণ জ্বর;
- এছাড়া কখনো কাশি/গলা ব্যথা হতে পারে;
- শ্বাসকষ্ট/নিউমোনিয়া দেখা দিতে পারে;
- অন্যান্য অসুস্থতা (ডায়ারি/উচ্চ রক্তচাপ/শ্বাসকষ্ট/হৃদরোগ/কিডনী সমস্যা/ক্যান্সার ইত্যাদি) থাকলে অসুস্থতা কেইলিওর বা দেহের বিভিন্ন প্রত্যঙ্গ বিকল হতে পারে।

❖ প্রতিরোধে করণীয়:

➤ ব্যক্তিগত সচেতনতা-

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুতে হবে (অন্তত ২০ সেকেন্ড যাবৎ);
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করা যাবে না;
- ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলতে হবে;
- কাশি শিষ্টাচার মেনে চলতে হবে (হাঁচি/কাশির সময় বাছ/টিস্যু/কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে হবে);
- অসুস্থ পশু/পাখির সংস্পর্শ পরিহার করতে হবে;
- মাছ-মাংস ভালোভাবে রান্না করে খেতে হবে;
- অসুস্থ হলে ঘরে থাকতে হবে, বাইরে যাওয়া অত্যাৱশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে হবে;
- জরুরী প্রয়োজন ব্যতীত বিদেশে ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং প্রয়োজন ব্যতীত এ সময়ে বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করতে হবে;
- প্রবাসী আত্মীয় স্বজনকে জরুরী প্রয়োজন ছাড়া বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করতে হবে;
- প্রয়োজন ছাড়া যে কোন জনসমাগম এড়িয়ে চলতে হবে;
- অত্যাৱশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করতে হবে।

❖ সন্দেহভাজন রোগীর ক্ষেত্রে করণীয়:

- অসুস্থ রোগীকে ঘরে থাকতে বনুন;
- মারাত্মক অসুস্থ রোগীকে নিকটস্থ হাসপাতালে যেতে বনুন;
- রোগীকে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে বনুন;
- রোগীর নাম, বয়স, যোগাযোগের পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর সংরক্ষণ করুন এবং
- আইইডিসিআর এর করোনা কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) অথবা হটলাইন নম্বরে (০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫) যোগাযোগ করুন।
- ❖ করোনা ভাইরাস সম্পর্কে ভালোভাবে জানুন এবং অপরকে জানান।

বিষয়টি অতীব জরুরী!

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

স্বাক্ষরিত/-
(মোঃ ফসিউল্লাহ)
মহাপরিচালক

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

উপজেলা শিক্ষা অফিস পুঠিয়া, রাজশাহী	
কেস নং- ৬৩	তারিখ- ১১/৩/২০২০
ইউ.ই.ও. (সহকারী)	অতিরিক্ত
উ.ই.ও. (সহকারী)	জরুরী
উপ-সহকারী	দেপ্তার
সহকারী	অংশ
অফিস সহকারী	স্বাক্ষর
	উপজেলা শিক্ষা অফিস পুঠিয়া, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী।

স্বাক্ষর নং- উঃস্বাঃকঃ/পুঠিয়া/রাজ/১৯/২৬/..২.২৬

তারিখ : ১১/০৩/২০২০ইং

বিজ্ঞপ্তি

করোনা ভাইরাস এর জরুরী তথ্য আদান প্রদানের জন্য অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কন্ট্রোল রুম খোলা হইল। সার্বক্ষনিক করোনা ভাইরাস সম্পর্কিত তথ্য আদান প্রদানের জন্য সকল-কে অত্র কন্ট্রোল রুমের সদস্যের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

কন্ট্রোল রুমের সদস্যবৃন্দ :-

- ০১) ডাঃ রিয়াসাদ- বিন - নজরুল, এম ও -মোবাইল নম্বরঃ ০১৭১৮০১৩৯৭৯
০২. মোসাঃ হাবিবা খাতুন, এসএসএন, - মোবাইল নম্বরঃ ০১৭৯৫৮৬০৬২৩

আপনাদেরকে সার্বক্ষনিক করোনা ভাইরাস এর তথ্য সংগ্রহের লক্ষ্যে সচেতন থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

(Signature) ১১/০৩/২০২০
(ডাঃ সাজমা আক্তার)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

তারিখ : ১১/০৩/২০২০খ্রিঃ

স্বাক্ষর নং- উঃস্বাঃকঃ/পুঠিয়া/রাজ/১৯/২৬/..২.২৬(৬)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. ডাঃ রিয়াসাদ-বিন-নজরুল, এমও, অত্র কার্যালয়।, ICT Focal Person
২. আবাসিক মেডিকেল অফিসার, অত্র স্বাস্থ্য কমপ্লেক্স।
৩. মোসাঃ হাবিবা খাতুন, সিনিয়র স্টাফ নার্স, অত্র স্বাস্থ্য কমপ্লেক্স।
৪. দপ্তর নথি।

Received
Habiba
11.3.2020

(Signature) ১১/০৩/২০২০
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।